

বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লি:
বক্স নগর, মিরপুর, ঢাকা।

(বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের একটি প্রতিষ্ঠান)

ফোন নং-৪৪৮০২০৫২

স্যানিটারীওয়্যার মালামাল বাজারজাত করণের নিমিত্তে
একক পরিবেশক নিয়োগের আবেদন পত্র।

- ১.০০। আবেদনকারীর পরিচয় ও সংশ্লিষ্ট তথ্যাদিঃ
- ১.০১। প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানা (দুরালাপনী/ফ্যাক্স নম্বরসহ) :
- ১.০২। যে এলাকার জন্য একক পরিবেশক হতে ইচ্ছুক তার নামঃ
- ১.০৩। প্রতিষ্ঠানের মালিকানা স্বত্বঃ
- | | |
|-----------------------|----------------------|
| (ক) একক স্বত্বাধিকারী | <input type="text"/> |
| (খ) অংশীদারী | <input type="text"/> |
| (গ) লিমিটেড কোম্পানী | <input type="text"/> |
- ১.০৪। যদি একক মালিকানাধীন প্রতিষ্ঠান হয় তবে স্বত্বাধিকারীর পূর্ণ নাম, পিতার নাম ও ঠিকানা (টেলিফোন নম্বরসহ) :.....
.....
- ১.০৫। যদি অংশীদারী ব্যবসা হয় তবে অংশীদারদের পূর্ণ নাম, পিতার নাম ও ঠিকানা (টেলিফোন নম্বরসহ) :
- (ক).....
(খ).....
(গ).....
(ঘ).....
- ১.০৬। যদি জয়েন্ট কোম্পানী হয় তা হলে অনুগ্রহপূর্বক “কোম্পানীর মেমোরেণ্ডাম” “আর্টিকেল অব এসোসিয়েশন” এবং “সার্টিফিকেট অব ইনফরমেশন অংশীদারী দলিল” এর ফটোকপি সংযুক্ত।
- ১.০৭। আপনার প্রতিষ্ঠানের ব্যবসার ধরন (ক) স্যানিটারী, টাইলস ও সংশ্লিষ্ট :.....
(খ) অন্যান্য.....
- ১.০৮। আপনি কোন প্রতিষ্ঠানের একক পরিবেশক কিনা? পরিবেশক হলে কোন কোন প্রতিষ্ঠানের একক পরিবেশক এবং কতদিন যাবৎ করছেন তা স্পষ্টভাবে উল্লেখ করুন।
- ১.০৯। কোন সংস্থা/বিক্রয় কেন্দ্র পরিচালনার অভিজ্ঞতা আছে কিনা?

- ১.১০। আপনি/আপনারা বিআইএসএফ লিঃ এর উৎপাদিত স্যানিটারীওয়্যার বিক্রয় করেন কি? করলে কতদিন থেকে মালামাল উত্তোলন করে আসছেন এবং মাসিক কত টাকার মালামাল উত্তোলন করেন?
.....
.....
- ১.১১। প্রতি মাসে লক্ষ্যমাত্রার অতিরিক্ত কত টাকার স্যানিটারীওয়্যার উত্তোলন করার নিশ্চয়তা দিতে পারবেন?
.....
- ১.১২। আপনার কোন অফিস/শো-রুম আছে কি?
হ্যাঁ না হ্যাঁ হলে আয়তন বর্গফুট
- ১.১৩। ক) আপনার গুদাম আছে কি? নিজস্ব ভাড়া মাসিক ভাড়ার টাকা
(খ) গুদামের আয়তন কত? দৈর্ঘ্য প্রস্থমোট এলাকা বর্গ ফুট
(গ) পাকা না কাঁচা? পাকা কাঁচা
- ১.১৪। আপনার কতজন বিক্রয় কর্মী আছে। তাদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ
.....
.....
- ১.১৫। আপনার নিজস্ব পরিবহন আছে কিনা? থাকলে কি কি উল্লেখ করুন।
(ক) মটর চালিত.....
(খ) অন্যান্য
- ১.১৬। কিভাবে আওতাধীন অঞ্চলে মালামাল পৌছাবেনঃ-.....
- ১.১৭। সেলস প্রমোশনের জন্য কি ভাবে ব্যবস্থা নিবেন?.....
.....
.....
- ১.১৮। আপনার ব্যাংকের নাম ও ঠিকানা নিম্নে প্রদান করুন (টেলিফোন নম্বরসহ) :-
১)
২)
৩)
- ২.০০। নিয়োগের শর্তাবলীঃ-
- ২.০১। প্রাথমিক ভাবে একক পরিবেশক কে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হবে। পরবর্তীতে উভয় পক্ষের সম্মতিক্রমে নবায়ন করা যাবে।
- ২.০২। একক পরিবেশক এর অঞ্চলে বিআইএসএফ লিঃ এর কোন ডিলার নিয়োগ করবে না এবং কোন প্রকার ডিলার কমিশন প্রদান করা হবে না।

- ২.০৩। প্রতি ক্যালেন্ডার মাসে একক পরিবেশকগণকে নিজ নিজ এলাকায় নূন্যতম ২.২৫ (দুই লক্ষ পঁচিশ হাজার) লক্ষ টাকার মালামাল উত্তোলন লক্ষ্যমাত্রা অর্জন করলে ইনসেন্টিভ প্রাপ্য হবেন।
- ২.০৪। একক পরিবেশক একটি চালানের মাধ্যমে কারখানা মূল্যে নূন্যতম ২.৫০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বা তার গুণিতিক অংকের সামগ্রী উত্তোলন করলে বিআইএসএফ থেকে স্থায়ী ঠিকানায় কারখানার ব্যয়ে মালামাল সরবরাহ করা হবে। উল্লেখ থাকে যে, এ সকল ক্ষেত্রে প্রয়োজনীয় বীমা ও অনুসংগিক ব্যয় একক পরিবেশক কে বহন করতে হবে।
- ২.০৫। একক পরিবেশক তার নির্ধারিত এলাকায় বাজার সম্প্রসারণ ও বাজার উন্নয়নে এককভাবে দায়ী থাকবে।
- ২.০৬। বিআইএসএফ কর্তৃপক্ষ একক পরিবেশকের এলাকায় বিআইএসএফ পন্য বিক্রয় ও বিতরণ সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন বোধ করলে তা একক পরিবেশক বিআইএসএফ এর নিকট সরবরাহ করবে। একক পরিবেশক তার নির্দিষ্ট এলাকার বাইরে মালামাল বিক্রয় করতে পারবে না।
- ২.০৭। কোন কারণ দর্শানো ছাড়াই ৪(চার) মাসের নোটিশে উভয় পক্ষ এই চুক্তি বাতিল করতে পারবেন।
- ২.০৮। কারখানার উৎপাদিত পন্যের মওজুদ সাপেক্ষে পন্য বরাদ্দ ও সরবরাহ করা হবে।
- ২.০৯। জামানতের অর্থ বিআইএসএফ লিঃ এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংকের ডিডি /পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে। জামানতের উপর কোন লাভ/সুদ প্রদান করা হবে না।
- ২.১০। বরাদ্দকৃত মালের মূল্য সিডিউল ব্যাংক হতে ইস্যুকৃত ডিডি/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদানের বিপরীতে ব্যাংকের ছাড়পত্র প্রদান সাপেক্ষে ক্রমানুযায়ী মালামাল সরবরাহ করা হবে।
- ২.১১। বরাদ্দকৃত মালামাল কারখানার গুদাম হতে সরবরাহ করা হবে।
- ২.১২। বিআইএসএফ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন শর্ত অথবা পণ্যের মূল্য পরিবর্তন/পরিবর্ধনেরক্ষমতা রাখেন।
- ২.১৩। সরকার কর্তৃক আরোপিত শুল্ক/কর/ভ্যাট এবং এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী সকল একক পরিবেশকের উপর প্রযোজ্য হবে।
- ২.১৪। বিআইএসএফ প্রতিনিধি কর্তৃক কোন এলাকার একক পরিবেশক পরিদর্শন/তদন্ত, বিক্রয় উন্নয়ন ও বাজার জরিপের সময় একক পরিবেশকগণ সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করবেন।
- ২.১৫। কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে প্রতিষ্ঠানের মালিকানা গুদাম বা ঠিকানা পরিবর্তন করা যেতে পারে।
- ২.১৬। পরিবহন ঠিকাদারের নিকট থেকে একক পরিবেশকগণ সঠিকভাবে মালামাল দেখে ও বুঝে নিয়ে প্রাপ্তি রশিদ ৭(সাত) দিনের ভিতর বিআইএসএফ এর বিপণন বিভাগে প্রেরণ করবেন।
- ২.১৭। একক কোন পরিবেশক কালোবাজারী, অসাধু ব্যবসা, দোকান বন্ধ এবং ব্যবসার সাধারণ নিয়মের পরিপন্থি কোন কাজ করলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে জামানত বাজেয়াপ্ত সহ একক পরিবেশকতা বাতিল বলে গণ্য হবে।
- ২.১৮। বিসিআইসি/কারখানা কর্তৃক জারীকৃত বিভিন্ন আদেশ, নির্দেশ, নিয়ম কানুন ও আরোপিত শর্ত ভংগ, জামানত বাজেয়াপ্তসহ একক পরিবেশক নিয়োগ বাতিল হওয়ার কারণ হিসাবে গণ্য হবে।
- ২.১৯। বরাদ্দকৃত পন্যের ক্রয় বিক্রয় সম্পর্কে বিসিআইসি/কারখানা কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল আদেশ, নির্দেশ ও শর্তসমূহ একক পরিবেশকগণ মান্য করতে বাধ্য থাকবেন।
- ২.২০। একক পরিবেশকগণ তাদের নিজ স্বার্থে পন্য সরবরাহ নেয়ার পূর্বে পন্যের অবস্থা ভালভাবে দেখে ও বুঝে গ্রহণ করবেন।
- ২.২১। অগ্রীম মূল্য পরিশোধ/নিশ্চিতকৃত বরাদ্দপত্র/অর্পনাদেশ বা অন্য কোন কারণ থাকা সত্ত্বেও পন্য সরবরাহ করার সময় প্রযোজ্য/জারীকৃত মূল্য প্রশ্নাতীত ভাবে সকল একক পরিবেশকগণের উপর প্রযোজ্য হবে।
- ২.২২। বিসিআইসি/কারখানা কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উপরোক্ত বিষয় ও শর্ত সমূহের পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংযোজন করার অধিকার সংরক্ষণ করেন।

২.২৩। একক পরিবেশক ইনসেনটিভ স্কীমঃ

উত্তোলন পরিসর ও ইনসেনটিভ প্রদান	ইনসেনটিভের হার
মাসিক কারখানা মূল্য ০.০০ থেকে ১৫,০০,০০০/- টাঃ পর্যন্ত	৬.৫%
পরিবহন	পরিবহনের ক্ষেত্রে একক বরাদ্দ পত্রে কারখানা মূল্যে ১.৫০ লক্ষ টাকার মালামাল ক্রয় করলে কারখানার নিজস্ব খরচে ক্রেতার গন্তব্যে পৌঁছানো হবে এবং কারখানার মূল্যে ১.৫০ লক্ষ টাকার কম মূল্যে মালামাল ক্রয় করলে পরিবহন বাবদ ২% কমিশন প্রদান করা হবে। ডিলারদের ক্ষেত্রে সকল কমিশন মাসিক ভিত্তিতে পরিশোধযোগ্য।

৩.০১। একক পরিবেশক নিয়োগের জামানতঃ একক পরিবেশক নিয়োগ পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বিআইএসএফ লিঃ এর অনুকূলে কেবল মাত্র রাষ্ট্রায়ত্ত্ব/তফশীলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে নির্ধারিত জামানত ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র জমা দিতে হবে। জামানতের উপর কোন সুদ/মুনাফা প্রদান করা হবে না। নির্ধারিত তারিখের মধ্যে জামানতের টাকা পাওয়া না গেলে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৩.০২ সদ্য তোলা পাসপোর্ট সাইজের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/পরিচালকের ০২ (দুই) কপি ছবি গেজেটে অফিসার দ্বারা সত্যায়িত করে অবশ্যই আবেদন পত্রের সংগে জমা দিতে হবে।

৩.০৩ আবেদন পত্রের সহিত নিম্নলিখিত দলিল সমূহ গ্রথিত থাকতে হবে।

(ক) ব্যবসা পরিচালনার লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

(খ) জাতীয়তার সনদ পত্র (ভোটার আইডি কার্ড)।

(গ) চেম্বার অব কমার্স/রেজিস্টার্ড ডিলার এসোসিয়েশন/রেজিস্টার্ড ব্যবসায়ী সমিতির সনদপত্র।

(ঘ) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট যে কোন তফশীলি ব্যাংক হতে লেনদেন করার ক্ষমতা প্রমাণ পত্র।

(ঙ) আয়কর পরিশোধ সার্টিফিকেট (টিআইএন নম্বরসহ)

(চ) ভ্যাট রেজিস্ট্রেশন নাম্বার।

অঙ্গীকারঃ

৪.০০ ক) আমি/আমরা অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত বিবরণ সঠিক এবং আমি/আমরা যে কোন ভুল তথ্য পরিবেশনের জন্য দায়ী থাকব।

(খ) আমি/আমরা ঘোষণা করছি যে, বিআইএসএফ লিঃ কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী মালামাল উত্তোলন করব। যদি অসমর্থ হই তা হলে বিআইএসএফ কর্তৃক জামানত বাজেয়াপ্ত করণ পূর্বক পরিবেশক নিয়োগ পত্র বাতিল করতে পারবেন। এ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং আমি/আমরা তা মেনে নিতে বাধ্য থাকব।

(গ) আয়কর, ভ্যাট ও অন্যান্য কর সংক্রান্ত সরকার কর্তৃক জারীকৃত আদেশ/নির্দেশ মেনে চলব।

(ঘ) দেশের প্রচলিত আইন/বিধি বিধান মেনে চলে ব্যবসা পরিচালনা করতে বাধ্য থাকব।

তারিখঃ.....

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/
ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর
(সীলসহ)